গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল আধিপ্তর
প্রশাসন শাখা
শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা।
www.eedmoe.gov.bd

স্মারক নং ৩৭.০৭.০০০০.০০৮.৪০.৪৭৭.১৮ (পার্ট-৭)-৯১৪

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

# বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের তালিকাভুক্ত সকল শ্রেণির ঠিকাদারগণ-কে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের লাইসেন্স নবায়ন ফি প্রদানকারী প্রতিষ্ঠানকে ২০২৬-২০২৭ অর্থবছরের নবায়নের লক্ষ্যে পিপিআর'২০০৮ এবং সংশোধিত গেজেট ২০২৫ মোতাবেক নির্ধারিত ফি জমাদানের জন্য নিম্নবর্ণিত ছকে প্রদত্ত সময়সূচি অনুযায়ী অনলাইন নবায়ন প্রদানপূর্বক '' **নবায়ন সনদ** " সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো:

| ঠিকাদারের শ্রেণি | বিনা জরিমানায় নবায়ন ফি জমা দেয়ার শেষ তারিখ | ৫০% জরিমানাসহ নবায়ন ফি জমা দেয়ার শেষ তারিখ | ১০০% জরিমানাসহ নবায়ন ফি জমা দেয়ার শেষ তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| এ-১ (এ-ওয়ান)/ এ-২ (এ-টু) | ৩০/১০/২০২৬ | ৩০/১১/২০২৬ | ৩১/১২/২০২৬ | সরকারি বিধি মোতাবেক ভ্যাটসহ নবায়ন ফি পরিশোধ করতে হবে। |

২.০ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ওয়েবসাইট (https://eedmoe.gov.bd) রাইট মেনুতে অবস্থিত **" ঠিকাদার অনলাইন তালিকাভুক্তি ও নবায়ন "** নামে লিংকে রেজিস্ট্রেশন ও লগইন করে অনলাইন নবায়ন ফরম পূরণ, প্রয়োজনীয় দলিলাদি আপলোড ও দাখিল করতে হবে।

৩.০ লাইসেন্স নবায়ন নির্বাচিত ঠিকাদারি প্রতিষ্ঠানকে পিপিআর-এর বিধান মোতাবেক অফেরতযোগ্য ২,০০০/- (দুই হাজার) টাকা (মহিলা উদ্যোক্তা ও মালিকানার ক্ষেত্রে ১,৫০০/- (এক হাজার পাঁচশত টাকা) নবায়ন ফি কোড নং: ১২৫০৩০১- ০০০০০০ -১৪২২১৯৯ (নবায়ন/অন্যান্য লাইসোন্স ফি) এবং বিধি মোতাবেক ভ্যাট কোড নং- ১১৪১১০১ বরাবর "এ চালান" এর মাধ্যমে জমা দিয়ে সংশ্লিষ্ট তথ্য অনলাইনে আপলোড করতে হবে।

৪.০ আগামী ১২/০৮/২০২৬খ্রি. তারিখ হতে অনলাইন নবায়ন সফটওয়ারে নবায়ন কার্যক্রম শুরু করা যাবে। অনলাইন নবায়ন নির্দেশিকা ২৬ এবং নবায়ন ফ্লোচার্ট অনুযায়ী প্রয়োজনীয় তথ্য পূরণ ও দলিলাদি আপলোড করতে হবে।

৫.০ উল্লেখ্য, ৩১/১২/২০২৬ তারিখের পরে ২০২৬-২০২৭ অর্থবছরের এবং যারা ২০২৫-২০২৬ অর্থবছর বা পূর্ববর্তী বছরের নবায়ন ফি জমা দিতে ব্যর্থ হয়েছেন/হবেন, তাদের-কে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর মাধ্যমে প্রধান প্রকৌশলীর অনুমতি গ্রহণপূর্বক নবায়ন ফি জমা দিতে হবে।

৬.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

04/08/26

( মো: শহীদুল হক চৌধুরী )
উপপরিচালক (প্রশাসন)
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

04/08/2026

Plz upload

04/08/25